বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং -৩৭.১৭.০০০০.৪০২.০৬.৫৭৩০.১৬ তারিখ ঃ ৩১-০৮-২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ (ক) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর ০১-০০৬-২০১৬ খ্রি. তারিখের আদেশ।
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০ তারিখঃ ০৯/০৮/২০১৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায়ের ভিত্তিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গর্ভাণিং বডিতে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা ২০০৯ এর ৫(১), ৫(২) ধারা মোতাবেক মাননীয় স্থানীয় সংসদ সদস্যগণ সভাপতি মনোনীত হয়েছিলেন তাদের মনোনয়ন বাতিল করা হয়েছে।

এমতাবস্থায় সভাপতির উক্ত শূণ্য পদ পূরণের লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা ২০০৯ এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কর্তনকৃত অংশ বাদে ৫(৩) ধারা মোতাবেক আগামী ২০-০৯-২০১৬ খ্রি. তারিখের মধ্যে সভাপতি মনোনয়নের প্রস্তাব জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষরিত
প্রকৌশলী মোঃ আবদুল কুদ্দুস সরদার
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান

স্মারক নং -৩৭.১৭.০০০০.৪০২.০৬.৫৭৩০.(৬)১৬ তারিখ ঃ ৩১-০৮-২০১৬ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।)
৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি।

মোঃ আবদুল হামিদ
উপ-পরিদর্শক